ভাবের দ্বন্দ্বে ভীমসিংহ চরিত্রটি কীভাবে বিপর্যস্ত হয়েছে - আলোচনা করো। ১+২+১২=১৪

৪) ট্র্যাজেডির সংজ্ঞা বিশ্লেষণ করে ঐতিহাসিক রোমান্টিক ট্র্যাজেডি হিসেবে 'কৃষ্ণকুমারী' নাটকের সার্থকতা বিচার করো। ৪+১০=১৪

***-গুচ্ছ**

৫) কোন পত্রিকায়, কত বঙ্গাব্দে 'রক্তকরবী' নামে সম্পূর্ণ নাটকটি মুদ্রিত হয়েছিল। রবীন্দ্রনাথ 'নন্দিনী' চরিত্রটিকে যেভাবে নির্মাণ করেছেন - তার মধ্যে এক বিশেষ তাৎপর্য নিহিত আছে। - চরিত্রটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৬) 'রক্তকরবী' নাটকটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়? - 'রক্তকরবী' নাটকটির নামকরণ যথার্থই ব্যঞ্জনা*র্ভ। - পর্যালোচনা করো। ১+১৩=১৪

ঘ- গুচ্ছ

৭) প্রাচ্য ও পাশ্চাত্যের একজন করে নাট্য তাত্ত্বিক এবং তাঁদের প্রণীত একটি করে গ্রন্থের নাম লেখো। - নাট্য মঞ্চের বিবর্তনের ইতিহাস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ২+২+১০=১৪

৮) 'Murder in the Cathedral' নাটকটি কার লেখা? এটি কত খ্রিষ্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল? - কাব্যনাট্য হিসেবে 'তপস্বী ও তরঙ্গিনী' কতটা সার্থক - বিচার করো। ১+১৩=১৪

ঙ-গুচ্ছ

৯) 'চাঁদ বণিকের পালা' নাটকটি প্রথম কবে এবং কোথায় প্রকাশিত হয়? এই নাটকের চাঁদ চরিত্রটি বিশ্লেষণ করো। ২+১২=১৪

১০) 'চাঁদ বণিকের পালা' নাটকটির প্রথম এবং শেষ সংলাপটি কার? এই নাটকে বেহুলা চরিত্র সম্পর্কে আলোচনা করো। ২+১২=১৪

★★★

PG (CBCS) EVEN SEMESTER EXAMINATION, 2024

BENGALI

2nd Semester

Course No : BNGCC - 204 (O)

(**বাংলা নাটক**)

Full Marks : 70

Pass Marks : 28

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

(পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক)

প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও

ক-গুচ্ছ

১) 'সধবার একাদশী'র প্রথম অভিনয় কোথায় হয়েছিল? দীনবন্ধু মিত্রের প্রথম প্রহসন কোনটি? সমকালীন সমাজ-জীবনের প্রেক্ষিতে অটল বিহারী চরিত্রটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

২) কার উদ্যো* 'সুরাপান নিবারণী সভা' স্থাপিত হয়েছিল? অটল বিহারীর স্ত্রীর নাম কী? উনিশ শতকের বাংলার সামাজিক-সাংস্কৃতিক সংকটটি নাটকে কতখানি সমগ্রতায় উপস্থাপিত হয়েছে, তা আলোচনা করো। ১+১+১২=১৪

খ-গুচ্ছ

৩) নাট্যকার, 'কৃষ্ণকুমারী' নাটকটি কাকে উৎস*র্গ করেছেন। মধুসূদনের অন্য দুটি নাটকের নাম লেখো। - 'কন্যা-স্নেহ এবং স্বদেশের প্রতি কর্তব্যবোধ' - এই দুই